

১.১ . মোহাম্মদপুর ফার্মিটি সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭

এই সেবা কেন্দ্রহতে মা ও শিশু-স্বাস্থ্য সেবা ও পরিবার পরিকল্পনার সেবা প্রদান করা হয়ে থাকে ।

- * দরিদ্রদের বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করা হয়ে থাকে ।
- * সংশ্লিষ্ট বিষয়ে সেবা প্রদানের জন্য কেন্দ্রে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার ও নার্স রয়েছে ।
- * কোনো বিষয়ে জানার জন্য ইনফরমেশন ডেস্কের সহায়তা নেয়া যাবে ।
- * বিদ্যমান সেবাসমূহ বিভিন্ন ইউনিটের মাধ্যমে সমন্বিত করে প্রদান করা হয়ে থাকে ।
- * গ্রহীতাকে সেবা গ্রহণের পূর্বে অভ্যর্থনা কাউন্টারে নির্ধারিত ফিসের বিনিময়ে রেজিস্ট্রেশন করতে হয় ।
- * গ্রহীতাগণ পরবর্তীতে নির্দেশনা অনুযায়ী কাউন্সেলিং -এর মাধ্যমে সেবা সম্বন্ধে বিস্তারিত জেনে প্রয়োজ্য সেবা গ্রহণে সক্ষম হন ।

নিয়মাবলী :

- ☑ প্রতিষ্ঠানের সীমাবদ্ধতার কথা বিবেচনায় রেখে গ্রহীতাগণকে সার্বিকভাবে সহযোগিতার মনোভাব পোষণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।
- ☑ সীমাবদ্ধতার মধ্যে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করাই হাসপাতালের কাজ ।
- ☑ সেবা গ্রহীতাগণ নিজেদের স্বার্থে দালালদের থেকে দূরে থাকবেন ।
- ☑ হাসপাতাল চত্বর ধূমপানমুক্ত এলাকা । হাসপাতালে ধূমপান করবেন না ।
- ☑ ডাক্তার ও স্টাফদের কাছ থেকে কোনো রকম পক্ষপাতিত্বমূলক সেবা আশা করবেন না । প্রয়োজনে গঠনমূলক পরামর্শ প্রদান করুন ।
- ☑ হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে সহায়তা করুন ।
- ☑ হাসপাতালে বিদ্যমান যে কোনো ধরনের প্রস্তাবিত চিকিৎসা গ্রহণের স্বাধীনতা গ্রহীতার থাকবে । সেবা গ্রহণে গ্রহীতার সম্মতি গ্রহণ করা হয় ।
- ☑ গ্রহীতার মেডিক্যাল রেকর্ড দেখার পূর্ণ স্বাধীনতা থাকবে । আইনগতভাবে সকল রেকর্ড গোপনীয়ভাবে সংরক্ষিত থাকবে ।
- ☑ হাসপাতালে ওষুধ সরবরাহের প্রাপ্যতা সাপেক্ষে প্রেসক্রাইবকৃত ওষুধ সরবরাহ করা হবে ।
- ☑ ওপিডি গ্রহীতা ডাক্তার কর্তৃক প্রয়োজ্য সকল ধরনের চিকিৎসা ও পরীক্ষা করাতে পারবেন ।
- ☑ গ্রহীতার ডিসচার্জ ফর্মে গ্রহীতার রোগের বিস্তারিত ইতিহাস, চিকিৎসা ও ফলোআপ ইত্যাদি উল্লেখ করা হবে ।
- ☑ যদি বিশেষজ্ঞ-পরামর্শ প্রয়োজন হয় তবে গ্রহীতাকে সংশ্লিষ্ট ডাক্তারের কাছে রেফার করা হয় ।

প্রদত্ত সেবাসমূহ :

(ক) মা ও শিশু স্বাস্থ্য সেবা : (বিনামূল্যে প্রদত্ত সেবা)

- ⇒ গর্ভবতী সেবা
- ⇒ গর্ভোত্তর সেবা
- ⇒ নবজাতকের সেবা
- ⇒ ৫ বছরের কমবয়সী শিশুদের স্বাস্থ্য সেবা
- ⇒ ইপিআই (টিকাদান) স্বাস্থ্য সেবা
- ⇒ ভিটামিন 'এ' ক্যাপসুল বিতরণ
- ⇒ গর্ভবতী মহিলা ও অপুষ্টি শিশুর পুষ্টি সেবা
- ⇒ এমআর ও গর্ভপাতজনিত সেবা
- ⇒ প্রজননতন্ত্রের / যৌনবাহিত রোগের সেবা

(খ) পরিবার পরিকল্পনা সেবা (বিনামূল্যে প্রদত্ত)

- ⇒ পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ প্রদান
- ⇒ খাবার বাড়ি
- ⇒ জন্মনিরোধক ইনজেকশন
- ⇒ আইইউডি / কপারটি
- ⇒ ইমপ্ল্যান্ট/ নরপ্ল্যান্ট
- ⇒ ভ্যাসেকটমি / এনএসভি (স্থায়ী পদ্ধতি - পুরুষ)
- ⇒ টিউবেকটমি (স্থায়ী পদ্ধতি - মহিলা)
- ⇒ পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারজনিত পার্শ্ব-প্রতিক্রিয়া ও জটিলতার সেবা

(গ) সরকার নির্ধারিত মূল্য প্রদান সাপেক্ষে প্রদত্ত সেবা

- ⇒ ইসিপি -৮ (আট) টাকা
- ⇒ কনডম- ১ (এক) ডজন ১ (এক) টাকা ২০ (বিশ) পয়সা
- ⇒ অ্যাম্বুলেন্স সেবা (প্রাপ্তি সাপেক্ষে)

(ঘ) পরিবার পরিকল্পনা কার্যক্রমে সরকার গ্রহীতাকে নিম্নবর্ণিত সুবিধা দিয়ে থাকে

- ⇒ আইইউডি/ কপারটি -এর ক্ষেত্রে = ৫০/- টাকা
- ⇒ ইমপ্ল্যান্ট বা ইমপ্ল্যান্ট-এর ক্ষেত্রে = মোট ১৭৫/- (৭৫+৫০+৫০) টাকা
- ⇒ স্থায়ী পদ্ধতি (পুরুষ) -এর ক্ষেত্রে = ৫০০/- টাকা ও একটি লুঙ্গী
- ⇒ স্থায়ী পদ্ধতি (মহিলা) -এর ক্ষেত্রে = ৫০০/- টাকা ও একটি শাড়ী

(ঙ) অন্যান্য সেবা

- ⇒ বয়ঃসন্ধিকালীন সেবা (কৈশোর প্রজনন স্বাস্থ্য সেবা)
- ⇒ স্বাস্থ্য শিক্ষামূলক সেবা
- ⇒ ইমেজিং সেন্টার : আল্ট্রাসোনোগ্রাম
- ⇒ প্যাথলজি সেন্টার : জেনারেল প্যাথলজি ও বন্ধ্যাত্ব নিরূপনে বিশেষ ল্যাব

(চ) বন্ধ্যাত্বজনিত চিকিৎসা সেবা

- ⇒ মহিলা ও পুরুষের বন্ধ্যাত্বের কারণ নির্ণয়
- ⇒ স্থায়ী পদ্ধতি {(টিউবেকটমি /এনএসভি (ভ্যাসেকটমি)} গ্রহণকারী মহিলা ও পুরুষদের পুনরায় সন্তান উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক সেবা।

(ছ) প্রয়োজনে যে কোন রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ (রেফার)